

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩২২

আগরতলা, ২৯ ডিসেম্বর, ২০২৪

সুশাসন সপ্তাহ
জেলা প্রশাসন কার্যালয়ে কর্মশালা

সুশাসন সপ্তাহ উপলক্ষে গত ২৭ ডিসেম্বর পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার কিশোর আন্থুলি, জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন, অতিরিক্ত মহকুমা শাসক বিপুল দাস, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। কর্মশালায় অবসরপ্রাপ্ত আইএএস অফিসার কিশোর আন্থুলি বলেন, সুশাসনের লক্ষ্য হচ্ছে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবাগুলি স্বচ্ছতার সাথে জনগণের কাছে পৌঁছে দেওয়া।
